

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(এনডিআরসিসি)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৫১.০০.০০০০০.৪২৩.৪০.০০৪.১২-৭৪৮

তারিখঃ ১০/১০/২০১৮ খ্রিঃ।

আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর ১০ (দশ), তারিখঃ ১০.১০.২০১৮ খ্রিঃ

পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় “তিতলি” উত্তর/উত্তর-পশ্চিম দিকে অগ্রসর ও ঘনীভূত প্রবল ঘূর্ণিঝড় “তিতলি” আকারে একই এলাকায় (১৬.২° উত্তর অক্ষাংশ এবং ৮৫.৮° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ সকাল ০৬ টায় (১০ অক্টোবর, ২০১৮) চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৯৪৫ কিঃমিঃ দক্ষিণ-পশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৯০০ কিঃমিঃ দক্ষিণ-পশ্চিমে, মংলা সমুদ্রবন্দর থেকে ৮১৫ কিঃমিঃ দক্ষিণ-পশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৮১৫ কিঃমিঃ দক্ষিণ-পশ্চিমে অবস্থান করছিল। এটি আরও ঘনীভূত হয়ে উত্তর/উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হতে পারে।

প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের ৬৪ কিঃমিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৯০ কিঃমিঃ যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ১১০ কিঃমিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটে সাগর বিক্ষুব্ধ রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০২ (দুই) নম্বর দূরবর্তী হুঁশিয়ারী সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৪ (চার) (পুনঃ) ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

২। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক উক্ত আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি জারীর প্রেক্ষিতে ‘দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশাবলী’ অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/১০.১০.২০১৮খ্রিঃ
(কাজী তাসমীন আরা আজমিরী)
উপ-সচিব (এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫

- ০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম/খুলনা/বরিশাল।
- ০২। জেলা প্রশাসক, চট্টগ্রাম/কক্সবাজার/নোয়াখালী/লক্ষ্মীপুর/ফেনী/চাঁদপুর/খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট/বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/ভোলা/পটুয়াখালী/বরগুনা।
- ০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপকূলীয় উপজেলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/(দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উপরি উক্ত তথ্য ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য।
- ১২। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৩। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৪। উপ-সচিব (দুব্যক-১/দুব্যক-২/প্রশাঃ/বাজেট/অডিট/ত্রাণ প্রশাঃ/ত্রাণ-১/ত্রাণ-২)/উপ-প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।
- ১৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৭। মন্ত্রীর সহকারী একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।